

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৫৮.৯৯.০০০১.২৫.৬৮

বিষয়: ওয়েবপোর্টালে ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’ সেবা বক্সের শিরোনাম পরিবর্তন করে ‘সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)’ শিরোনামে নামকরণ, পূর্বের এপিএ’র লোগোর পরিবর্তে GPMS- এর লোগো ব্যবহার।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর:০৪.০০.০০০০.০০০.৮২৫.২২.০০০২.২৫.৩৯, তারিখ: ৮ অক্টোবর ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অন্তর্বর্তীকালীন সরকারের সংস্কার কার্যক্রমের আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) পুনর্গঠন করে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি / Governance Performance Monitoring System (GPMS)- নামে নতুন কাঠামো উপদেষ্টা পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। এই পরিপ্রেক্ষিতে, মন্ত্রণালয়/বিভাগসমূহকে তাদের ওয়েবপোর্টালে ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’ সেবা বক্সের শিরোনাম পরিবর্তন করে ‘সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)’ শিরোনামে নামকরণ, পূর্বের এপিএ’র লোগোর পরিবর্তে GPMS-এর অনুমোদিত লোগো ব্যবহার (সংযুক্তি: [GPMS Logo](#)) এবং সেবা বক্সের পুরাতন লিংকসমূহ পরিবর্তন করে নিম্নলিখিত লিংকসমূহ সংযোজন করার জন্য অনুরোধ করা হয়েছে (বিবেচ্য সংযুক্তি: [মন্ত্রিপরিষদ বিভাগের পত্র](#)) :

- (I) নির্দেশিকা, পরিপত্র, GPMS টিম, ফোকাল পয়েন্ট;
- (II) স্ব স্ব অফিসের GPMS ও ফলাফল;
- (III) পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন ও
- (IV) GPMS সফটওয়্যার লিংক।

এছাড়াও, সকল মন্ত্রণালয়/বিভাগকে স্ব স্ব আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহকে অনুরূপ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায় খাদ্য অধিদপ্তর ও এর আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিস এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও এর আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিস-কে তাঁদের ওয়েবপোর্টালে ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’ সেবা বক্সের শিরোনাম পরিবর্তন করে ‘সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)’ শিরোনামে নামকরণ, পূর্বের এপিএ’র লোগোর পরিবর্তে GPMS- এর অনুমোদিত লোগো অন্তর্ভুক্তকরণের জন্য খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-কে অনুরোধ করা হলো।

সংযুক্তিসমূহ:

ক। [মন্ত্রিপরিষদ বিভাগের পত্র](#)।

খ। [GPMS Logo](#)।

সকল সংযুক্তিসমূহ:

- (১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র
- (২) GPMS Logo



২৮-১০-২০২৫

শিল্পী রানী পাল

সহকারী সচিব

+৮৮০২৫৫১০০৪০৬

apa@mofood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৫৮.৯৯.০০০১.২৫.৬৮/১ (৫)

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, প্রশাসন, খাদ্য মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (চলতি দায়িত্ব), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। সদস্য, সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।



২৮-১০-২০২৫

শিল্পী রানী পাল

সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.১০০.৩১.০০২৩.২১.৩৬১

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, পত্রের মর্মানুসারে Web-Portal অর্থাৎ তথ্য বাতায়ন-এ ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’ সেবা বক্সের শিরোনাম পরিবর্তন করে ‘সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)’ শিরোনামে নামকরণ, পূর্বের এপিএ-এর লোগোর পরিবর্তে GPMS-এর লোগো ব্যবহারকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র

(২) GPMS Logo

(৩) 13_00_0000_000_058_99_0001_25_68-2025-10-28-1761631450

২৮-১১-২০২৫

মোঃ আনিসুর রহমান

প্রোগ্রামার

+৮৮-০২-৪১০৫২৯৯৭

sys@dgfood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সাত্তাহার সাইলো, বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট/ময়মনসিংহ স্টীল সাইলো/মধুপুর স্টীল সাইলো, টাঙ্গাইল/বরিশাল স্টীল সাইলো, বরিশাল।
- ৩। প্রধান মিলার, প্রধান মিলার এর দপ্তর, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ৪। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
- ৬। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (সকল)।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.১০০.৩১.০০২৩.২১.৩৬১/১ (২)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।



২৮-১১-২০২৫

মোঃ আনিসুর রহমান

প্রোগ্রামার